

নেপথ্য থেকে বিশ্বশাসনকারী ইহুদীদের বিরুদ্ধে মুসলিম বিশ্বকে ঐক্যবদ্ধ হতে হবে : মাহাথির

ওআইসি শীর্ষ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ নেপথ্য থেকে বিশ্ব শাসনকারী ইহুদীদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার জন্য মুসলমানদের প্রতি আহ্বান জানিয়েছেন। ইসরাইলকে কঠোর ভাষায় সমালোচনা করে তিনি বলেন, ইহুদীরা পর্দার আড়ালে থেকে সমস্ত কলকাঠি নাড়ছে এবং বিশ্ব শাসন করছে। তারা অন্যদের যুদ্ধের জন্য প্ররোচিত করছে। ইহুদীদের পক্ষ নিয়ে যুদ্ধ করতে গিয়ে তাদের অনেকেই প্রাণ দিচ্ছে। তিনি বলেন, ইসরাইল আমাদের শত্রু এবং তারা বিশ্বের সবচেয়ে শক্তিশালী দেশের বন্ধু। তবে তারা কখনোই ১৩০ কোটি মুসলমানকে পরাজিত করতে পারবে না। খবর এএফপি ও সিএনএন-এর। মালয়েশিয়ার পুত্রাজায় গতকাল বৃহস্পতিবার ইসলামী সম্মেলন সংস্থার (ওআইসি) দুই দিনব্যাপী শীর্ষ সম্মেলন শুরু হয়েছে। সম্মেলনের প্রধান আলোচ্য বিষয় ইরাক ও মধ্যপ্রাচ্য। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রে ভয়াবহ সন্ত্রাসী হামলার পর এটাই মুসলিম নেতৃবৃন্দের সবচেয়ে বড় সম্মেলন। কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে ৫৭টি মুসলিম দেশের নেতৃবৃন্দের অংশগ্রহণের মাধ্যমে এই শীর্ষ সম্মেলন শুরু হয়। আজ শুক্রবার চূড়ান্ত প্রস্তাব গ্রহণের মাধ্যমে শীর্ষ সম্মেলনের সমাপ্তি ঘটবে। এই শীর্ষ সম্মেলনে যুক্তরাষ্ট্র দখলকৃত দুটি মুসলিম দেশ ইরাক ও আফগানিস্তান অংশগ্রহণ করছে। ইরাকের প্রতিনিধিত্ব করছেন ইরাকী গভর্নিং কাউন্সিলের নেতা আয়াদ আল্লাবি এবং আফগানিস্তানের প্রতিনিধিত্ব করছেন সেদেশের প্রেসিডেন্ট হামিদ কারজাই।

বাইশ বছরব্যাপী শাসনামলে স্বাধীনচেতা বক্তব্যের জন্য পশ্চিমা বিশ্বে সমালোচিত এবং তৃতীয় বিশ্বের দেশগুলোতে উচ্চপ্রশংসিত মাহাথির ওআইসি শীর্ষ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বলেন, প্রত্যাঘাতের মাধ্যমে নয় বরং চিন্তাশক্তিকে কাজে লাগিয়ে ইহুদীরা ২ হাজার বছর টিকে আছে। আমরাও শুধু পেশীশক্তি দিয়ে তাদের মোকাবিলা করব না, আমাদেরও অবশ্যই মস্তিষ্ককে কাজে লাগাতে হবে।

মাহাথির বলেন, আপাত সাফল্য তাদের ঔদ্ধত্য বাড়িয়ে দিয়েছে। খ্যাপাটে লোকদের মত ঔদ্ধত্যপূর্ণ লোকেরাও শেষ পর্যন্ত ভুল করে। তারা ভুল করতে শুরু করেছে এবং আরো ভুল করবে। তারা আমাদের অবশ্যই সুযোগ করে দেবে এবং আমাদের সেই সুযোগের সদ্ব্যবহার করতে হবে। মাহাথির পবিত্র কোরআনের ভুল ব্যাখ্যার সমালোচনা করে বলেন, এই ভুল ব্যাখ্যার কারণে আমরা বিজ্ঞান ও উন্নয়ন থেকে দূরে সরে যাচ্ছি।

মাহাথির বলেন, প্রকৃতপক্ষে আমরা অত্যন্ত শক্তিশালী। ১৩০ কোটি মুসলমানকে নিশ্চিহ্ন করা অসম্ভব। ইউরোপীয়রা ১ কোটি ২০ লাখ ইহুদীর মধ্যে ৬০ লাখকেই হত্যা করেছে। কিন্তু আজ সেই ইহুদীরাই পর্দার আড়ালে থেকে বিশ্ব শাসন করছে। মাহাথির বলেন, দীর্ঘকাল যাবৎ মুসলমানদের মনে একটি ভ্রান্ত ধারণা বিরাজ করছে। তারা মনে করে, ইসলাম প্রযুক্তি ও অগ্রগতিকে প্রত্যাখ্যান করেছে। কিন্তু তা ঠিক নয়। তিনি বলেন, এই ভ্রান্ত ধারণা এবং ইসলামের বিরুদ্ধে সন্ত্রাসে ইন্ধন যোগানের মিথ্যে অভিযোগই মুসলিম জনগণের নির্যাতন ভোগের প্রধান কারণ।

মাহাথির বলেন, ইসলাম শুধু ৭ম শতাব্দীর জন্য নয়। সময় পাল্টেছে। পছন্দ করি বা না করি আমাদেরও পরিবর্তন করতে হবে। তিনি বলেন, ইসলাম ভুল নয়। তবে ধর্মীয় চিন্তাবিদদের ব্যাখ্যায় ভুল থাকতে পারে।